

विशाखदत्त विरचितम्  
मुद्राराम्फसम्

[ विस्तृत भूमिका, मूल, बङ्गानुवाद एवं प्रयोजनीय  
श्लोकैरु संस्कृत व्याख्या सह ]

डः सीतानाथ आचार्य शास्त्री

एवम्

डः देवकुमार दास

रीडार, संस्कृत विभाग, घाटाल रवीन्द्र शतवार्षिकी महाविद्यालय  
एवम् अतिथि अध्यापक, संस्कृत विभाग, कलिकाला विश्वविद्यालय  
कर्तृक सम्पादित

सदेश

१०१ वि, विवेकानन्द रोड, कलकाला - १०० ००७

প্রকাশক :

সদেহ

১০১সি, বিবেকানন্দ রোড,

কোলকাতা-৬

© প্রকাশক

৪র্থ সংস্করণ : ২০১৬

ISBN : 81-8282-031-6

মুদ্রক :

অভিনব মুদ্রণী

কোলকাতা-৭০০ ০০৬

## মুখবন্ধ

কালিদাসোত্তর যুগের নাট্যকারদের মধ্যে বিশাখদত্তের নাম বিশেষ উল্লেখযোগ্য। তাঁর রচিত 'মুদ্রারাক্ষস' চিরাচরিত মার্গ ব্যতিরেকি নাটক রূপেই প্রসিদ্ধ। নাটকটি দীর্ঘদিন ধরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর স্তরে পাঠ্যরূপে নির্দিষ্ট থাকলেও এর উপযুক্ত একটি বাংলা সংস্করণের একান্ত অভাব ছিল। সংস্কৃতানুরাগী বিদ্বজ্জন, বিশেষ করে শিক্ষার্থীদের প্রয়োজনের দিক বিবেচনা করে এই বাংলা সংস্করণটি সম্পাদনা করার চেষ্টা করা হয়েছে। সম্পাদিত গ্রন্থের ভূমিকাটি বিষয়বৈচিত্র্যে সমৃদ্ধ। এই অংশে নাট্যকার পরিচিতি, মুদ্রারাক্ষস নাটকের উৎস ও নাট্যকার-কৃত পরিবর্তন, অক্ষসংক্ষেপ, চরিত্রচিত্রণ প্রভৃতি বিষয়ে আলোকপাত করা হয়েছে। গ্রন্থ-কলেবর বৃদ্ধির আশঙ্কায় কিছু কিছু আলোচনাকে সংক্ষিপ্ত করতে হয়েছে। গ্রন্থের দ্বিতীয় অংশে আছে মূল এবং বঙ্গানুবাদ। শিক্ষার্থীদের প্রয়োজনের দিক বিবেচনা করে গ্রন্থশেষে গুরুত্বপূর্ণ কিছু শ্লোকের সংস্কৃত ব্যাখ্যা, বিভিন্ন শ্লোকের ছন্দ ও অলংকার সন্নিবিষ্ট হয়েছে।

গ্রন্থটি সম্পাদনা করতে গিয়ে মুদ্রারাক্ষসের যে সকল সংস্করণ অনুসৃত হয়েছে, সেই সকল গ্রন্থের সম্পাদক ও প্রকাশকের কাছে অকুণ্ঠচিত্তে ঋণ স্বীকার করি। অন্যান্য যে সকল পুস্তক থেকে সাহায্য লাভ করেছি, সেই সকল গ্রন্থের লেখক, সম্পাদক ও প্রকাশকের প্রতি আমরা কৃতজ্ঞ। বাংলাভাষায় মুদ্রারাক্ষসের উপর বিস্তৃত আলোচনার যে অভাব ছিল, আশা করি বর্তমান সংস্করণটি সেই অভাব পূরণ করতে পারবে। সংস্কৃতানুরাগী সহায়ক পাঠক ও শিক্ষার্থীদের দ্বারা গ্রন্থটি সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক হয়েছে বলে মনে করব।

সমস্ত প্রতিকূলতা ও আর্থিক বাধাকে তুচ্ছ করে সদেশ এই গ্রন্থ প্রকাশে আগ্রহী হয়েছে। তাঁদের এই প্রশংসনীয় প্রয়াস অভিনন্দনযোগ্য। অভিনব মুদ্রণের সত্বাধিকারী এবং তাঁদের সুযোগ্য কর্মচারীবৃন্দ নেপথ্যে থেকে গ্রন্থটির মুদ্রণে সহায়তা করেছেন। তাঁদের জানাই হार्দিক অভিনন্দন। সতর্কতা অবলম্বন সত্ত্বেও মুদ্রণ প্রমাদ থাকা বিচিত্র নয়। আশা করি, অনিচ্ছাকৃত এই ত্রুটিকে পাঠক-পাঠিকারা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। গ্রন্থটির উৎকর্ষ বৃদ্ধির জন্য যে কোন প্রকার দিগ্দর্শন সাদরে গৃহীত হবে।

শ্রী সীতানাথ আচার্য

শ্রী দেবকুমার দাস

## ❁ নাট্যচরিতানি ❁

চন্দ্রগুপ্ত	❖ ❖	মগধরাজ
চাণক্য	❖ ❖	চন্দ্রগুপ্তের মন্ত্রী
রাক্ষস	❖ ❖	নন্দরাজবংশের অমাত্য
মলয়কেতু	❖ ❖	পার্বত্যরাজ পর্বতকের পুত্র
ভাগুরায়ণ	❖ ❖	মলয়কেতুর সখা, বস্তুতঃ চাণক্যের চর
নিপুণক	}	❖ ❖ চাণক্যের গুপ্তচর
জীবসিদ্ধি		
সিদ্ধার্থক		
সমিদ্ধার্থক		
শার্ঙ্গরব	❖ ❖	চাণক্যের শিষ্য
চন্দনদাস	}	❖ ❖ রাক্ষসের অভিন্নহৃদয় বন্ধু
শকটদাস		
প্রিয়ংবদক	❖ ❖	রাক্ষসের ভৃত্য
বিরোধগুপ্ত	❖ ❖	রাক্ষসের গুপ্তচর
বৈহীনরি	❖ ❖	চন্দ্রগুপ্তের কঞ্চুকী
জাজলি	❖ ❖	মলয়কেতুর কঞ্চুকী
চন্দনদাসের পুত্র		
চন্দনদাসের স্ত্রী		

## ❁ উল্লিখিতচরিত্রাণি ❁

নন্দ	❖ ❖	মগধের প্রাক্তন রাজা
পর্বতক	❖ ❖	পার্বত্যরাজ
শোণোত্তরা	❖ ❖	চন্দ্রগুপ্তের প্রতীহারী
বিজয়া	❖ ❖	মলয়কেতুর প্রতীহারী
সর্বার্থসিদ্ধি	❖ ❖	নন্দবংশের শেষ জীবিত পুরুষ
বৈরোচক	❖ ❖	পর্বতকের ভ্রাতা